



## আন্তর্জাতিক সম্মেলনে যোগ দিতে যুক্তরাষ্ট্রে গেলেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী



পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম জাতিসংঘের একটি গুরুত্বপূর্ণ মানবিক বিষয়ক সম্মেলনে অংশ নিতে মঙ্গলবার (১৬ জুন) নিউইয়র্কের উদ্দেশে ঢাকা ছেড়েছেন। ১৭ থেকে ১৯ জুন পর্যন্ত অনুষ্ঠিতব্য জাতিসংঘের ইকোনমিক অ্যান্ড সোশ্যাল কাউন্সিলের (ইকোসক) হিউম্যানিটারিয়ান অ্যাফেয়ার্স সেগমেন্টে বাংলাদেশের প্রতিনিধি দলের নেতৃত্ব দেবেন তিনি। সফর শেষে ২০ জুন দেশে ফেরার কথা রয়েছে।

প্রতিবছর আয়োজিত এ বৈঠকে বিশ্বের বিভিন্ন অঞ্চলে চলমান মানবিক সংকট, দুর্ভোগ পরিস্থিতি, জরুরি ত্রাণ কার্যক্রম এবং আন্তর্জাতিক সহযোগিতা নিয়ে আলোচনা করা হয়। পাশাপাশি জলবায়ু পরিবর্তনের প্রভাব, মানবিক সহায়তা কার্যক্রমের কার্যকারিতা বৃদ্ধি এবং আন্তর্জাতিক মানবিক আইন বাস্তবায়নের বিষয়ও গুরুত্ব পায়।

এবারের অধিবেশনে সভাপতির দায়িত্ব পালন করবেন জাতিসংঘে স্পেনের স্থায়ী প্রতিনিধি হেক্টর গোমেজ।

সভায় বিভিন্ন দেশের প্রতিনিধি, জাতিসংঘের সংস্থা, আন্তর্জাতিক সহায়তা সংস্থা, বেসরকারি সংগঠন, গবেষক ও সংকটপ্রবণ এলাকার প্রতিনিধিরা অংশ নেবেন। বৈশ্বিক মানবিক পরিস্থিতি মোকাবিলায় করণীয় নির্ধারণ এবং সমন্বিত উদ্যোগ জোরদার করাই হবে আলোচনার মূল লক্ষ্য।